



## মিটফোর্ডে সোহাগ হত্যা: ভাইরাল ভিডিওতে দেখা অভিযুক্ত প্রধান আসামি নাম্নু গ্রেফতার



সংগৃহীত ছবি

রাজধানীর মিটফোর্ডে ব্যবসায়ী সোহাগ হত্যা মামলার অন্যতম প্রধান অভিযুক্ত নাম্নুকে গ্রেফতার করেছে র্যাব। রোববার (১৪ জুলাই) দিবাগত রাত একটার দিকে নারায়ণগঞ্জের বন্দর এলাকা থেকে তাকে আটক করা হয়।

নাম্নু সেই ব্যক্তি, যাকে ভাইরাল হওয়া ভিডিওতে ইট ও সিমেন্টের ব্লক দিয়ে সোহাগের ওপর আঘাত করতে দেখা গেছে। হত্যাকাণ্ডে সরাসরি অংশ নেওয়া চারজনের একজন হিসেবে তাকে চিহ্নিত করা হয়। তার গ্রেফতারের মাধ্যমে এ মামলায় গ্রেফতার হওয়া আসামির সংখ্যা দাঁড়াল ৮ জনে।

এর আগে একই দিন সকালেই রাজধানী ঢাকা ও নেত্রকোনা থেকে সজীব ও রাজীব নামে আরও দুই আসামিকে আটক করে পুলিশ। পরে আদালতের অনুমতিতে তাদের ৫ দিনের রিমাণ্ডে নেওয়া হয়।

গত বুধবার দিবাগত রাতে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতালের সামনে প্রকাশ্যে ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সোহাগকে কুপিয়ে ও ইটের টুকরো দিয়ে মাথা খেঁতলে হত্যা করে সম্রাসীরা। হত্যাকাণ্ডের দৃশ্য সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে দেশজুড়ে তীব্র নিন্দা ও ক্ষোভের সৃষ্টি হয়।

ঘটনার পরদিন, নিহত সোহাগের বোন বাদী হয়ে কোতোয়ালি থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। মামলায় ১৯ জনকে আসামি করা হয়। স্থানীয়দের ধারণা, চাঁদাবাজির বিরোধ থেকেই এই নির্মম হত্যাকাণ্ড ঘটেছে।